02 SEP 2016

দৈনিক
ইত্তেফাক

# ভিডিও কনফারেন্সে প্রশ্নের সেট নির্ধারণ

## ৩৬তম বিসিএস লিখিত পরীক্ষা

■ ইত্তেফাক রিপোর্ট

ভিডিও কনফারেন্সের মাধ্যমে এবারই প্রথম বিসিএসের লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের সেট নির্ধারণ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। বিসিএস পরীক্ষায় স্বচ্ছতা নিশ্চিত করতে ভিডিও কনফারেন্সে পরীক্ষার প্রশ্নপত্রের সেট লটারির মাধ্যমে নির্ধারণ করে তা বিভাগীয় পর্যায়ের ৬ জেলা প্রশাসককে অবহিত করা হয়েছে। পিএসসির ইতিহাসে প্রথমবারের মতো গতকাল বৃহস্পতিবার পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রশ্নের সেট নির্ধারণ করেন। গতকাল সকাল ১০টায় ৩৬তম বিসিএস পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগে পিএসসি কার্যালয় থেকে চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট ও বরিশালের জেলা প্রশাসকেরা পিএসসির চেয়ারম্যানের সঙ্গে ভিডিও সম্মেলনে যুক্ত হন। এরপর পিএসসির সদস্যের উপস্থিতিতে লটারির মাধ্যমে একাধিক প্রশ্নপত্র থেকে পরীক্ষার সেট নির্ধারিত হয়। এদিকে, গতকাল ৩৬তম বিসিএসের লিখিত পরীক্ষার প্রথম দিন আবশ্যিক ইংরেজি বিষয়ের পরীক্ষা ছিল।